# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০২৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৮. যিনি বলেন, (সন্দেহ হলে) প্রবল ধারণার ভিত্তিতে সালাত পূর্ণ করবে

باب مَنْ قَالَ يُتِمُّ عَلَى أَكْبَرِ ظَنِّهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ، حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، حَدَّثَنَا عِيَاضٌ، ح وَحَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا أَبَانُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ هِلاَلِ بْنِ عِيَاضٍ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ زَادَ أَمْ نَقَصَ فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ قَاعِدٌ فَإِذَا أَتَاهُ الشَّيْطَانُ فَقَالَ إِنَّكَ قَدْ أَحْدَثْتَ فَلْيَقُلْ كَذَبْتَ إِلاَّ مَا وَجَدَ رِيحًا بِأَنْفِهِ أَوْ صَوْتًا بِأُذُنِهِ " .

ـ ضعيف

وَهَذَا لَفْظُ حَدِيثِ أَبَانَ . قَالَ أَبُو دَاوُدَ وَقَالَ مَعْمَرٌ وَعَلِيُّ بْنُ الْمُبَارَكِ عِيَاضُ بْنُ هِلاَلٍ وَقَالَ الأَوْزَاعِيُّ عِيَاضُ بْنُ أَبِي زُهَيْرٍ

বাংলা

১০২৯। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সালাতরত অবস্থায় সালাত বেশী আদায় করেছে নাকি কম- এ নিয়ে সন্দিহান হলে সে বসা অবস্থায় দুটি সিজদা্ করবে। অতঃপর যদি তার নিকট শয়তান এসে বলে, (হে মুসল্লী) তোমার তো অযু নষ্ট হয়ে গেছে, তখন সে যেন বলে, তুই মিথ্যা বলেছিস। অবশ্য নাকে (বায়ু নির্গমনের) দুর্গন্ধ পেলে অথবা কানে শব্দ শুনতে পেলে তা স্বতন্ত্র কথা।[1]

দুর্বল।

## English

Narrated AbuSa'id al-Khudri:

The Prophet (ﷺ) said: When one of you prays, and he does not know whether he prayed more or less rak'ahs (than those prescribed by the Shari'ah), he should perform two prostrations while he is sitting. If the devil comes to him, and tells him (suggests him): "You have been defiled," he should say: "You have told a lie," except that he feels smell with his nose, or sound with his ears (then his ablution will break). These are the wording; of the tradition reported by Aban.

Abu Dawud said: Ma'mar and 'Abi b. al-Mubarak mentioned the name "Iyad b. Hilal and al-Awza'i mentioned the name of Iyad b. Abi Zuhair.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : আবওয়াবুস সালাত, অনুঃ যে ব্যক্তি সালাত কম বা বেশি আদায়ের সন্দেহে পতিত হল, হাঃ ৩৯৬), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ সালাতে ভুল হলে, হাঃ ১২০৪), আহমাদ (৩/১২) সকলে ইসমাঈল ইবনু ইবরাহীম হতে। ইমাম তিরমিযী বলেনঃ আবূ সাঈদের হাদীসটি হাসান। আর শায়খ আহমাদ শাকির বলেনঃ বরং হাদীসটি সহীহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58347

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন